

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৪৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. প্রথম অনুচ্ছেদ - তাশাহদের মধ্যে দু'আ

بَابُ الدُّعَاءِ فِي التَّشَهِيدِ

আরবী

وَعَنْ أَمْ سَلَمَةَ قَالَتْ: إِنَّ النِّسَاءَ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كُنَّ إِذَا سَلَمْنَ مِنَ الْمَكْتُوبَةِ قُمْنَ وَثَبَتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَنْ صَلَّى مِنَ الرِّجَالِ مَا شَاءَ اللَّهُ فَإِذَا قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ الرِّجَالُ. رَوَاهُ الْبُخَارِيُّ

وَسَنْذُكْرُ حَدِيثَ جَابِرِ بْنِ سَمْرَةَ فِي بَابِ الضَّحْكِ إِنْ شَاءَ اللَّهُ تَعَالَى

বাংলা

৯৪৮-[১০] উম্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সময় মহিলারা জামা'আতে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলে সালাম ফিরাবার সাথে সাথে উঠে নিজ নিজ গন্তব্যে চলে যেতেন। আর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও তাঁর সাথে যে সকল পুরুষ সালাতে শরীক হতেন, যতটুকু সময় আল্লাহ তা'আলা তাদের জন্য মঙ্গুর করতেন বসে থাকতেন। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন দাঁড়াতেন সব পুরুষগণও দাঁড়িয়ে চলে যেতেন। (বুখারী; জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)-এর হাদীস ইন-শা-আল্লাহহ্ এ- শীঘ্ৰই বৰ্ণনা কৰিবো)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৮৬৬, নাসায়ী ১৩৩৩, আহমাদ ২৬৬৮৮, সহীহ ইবনু হিবান ২২৩৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: তথা বাড়ির উদ্দেশে বের হতেন আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্থানে বসে থাকতেন মহিলাদের চলে যাওয়া পর্যন্ত যাতে পুরুষ লোকেরা তাঁর (রসূলের) অনুসরণ করতে পারে, এ ব্যাপারে মহিলারা

বাড়ী যাওয়া পর্যন্ত আর যাতে দু' দলেই রাস্তায় একত্রিত হতে না পারে এর নিরাপত্তা বজায় থাকে রাস্তায় পুরুষ ও মহিলার সংমিশ্রণ হতে।

‘আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সালাম শেষে *أَللَّهُمَّ أَنْتَ* (اللهم أنت) এ *السَّلَامُ، وَمِنْكَ السَّلَامُ، تَبَارَكْتَ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ* (السلام، ومنك السلام، تباركت يا ذا الجلال والإكرام) এ দু'আ পড়ার সময় পর্যন্ত বসতেন।

হাদীসটি আরো প্রমাণ করে মসজিদে জামা'আতের সাথে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের উদ্দেশ্য মহিলাদের উপস্থিত হওয়া সমস্যা নয় রবং বৈধ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55507>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন